# ♣ উত্তরপত্র

১২ তম শিক্ষক নিবন্ধন পরীক্ষা- কলেজ পর্যায়

**Total questions : 100 Total marks : 100**

---

1) বার্ষিক কত হার সুদে ৪২৫ টাকা ৩ বছরে সুদে আসলে ৪৭৬ টাকা হয়?

1) ৩%
2) ৬%
3) ৫%
✔ 4) ৪%

**ব্যাখ্যা :** সুদ = ৪৭৬ - ৪২৫ = ৫১
এখন, I = Pnr
বা, ৫১ = (৪২৫×৩×r/১০০)
বা, ৫১ =( ৫১/৪)r
বা, r = (৫১*৪)/৫১
সুতরাং সুদ= ৪%

2) “A child likes only sweets” negative form of this sentence is—–

1) a child likes not more sweets
✔ 2) a child likes nothing but sweets.
3) a child like none but sweets
4) a child like but sweet

**ব্যাখ্যা :** Assertive sentence - এ বস্তুর পূর্বে only থাকলে negative sentence - এ Only - এর পরিবর্তে nothing but ব্যবহৃত হয় । সুতরাং A child likes nothing but sweets - ই সঠিক ।

3) বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান রচিত গ্রন্থ কোনটি ?

✔ 1) অসমাপ্ত আত্মজীবনী
2) বাংলাদেশ কথা কয়
3) অবরুদ্ধ নয় মাস
4) সত্য মামলা আগরতলা

**ব্যাখ্যা :** 'সত্য মামলা আগরতলা' গ্রন্থের লেখক কর্নেল (অব.) শওকত আলী। 'অবরুদ্ধ নয় মাস ' গ্রন্থের লেখক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান । 'বাংলাদেশ কথা কয় ' গ্রন্থের লেখক আবদুল গাফফার চৌধুরী।

4) রেডক্রসের সদর দপ্তর কোথায় অবস্থিত?

1) লণ্ডন
✔ 2) জেনেভা

Hello BCS

3) প্যারিস
4) নিউ ইয়র্ক

**ব্যাখ্যা :** বিশ্বের দুঃস্থ মানবতার সেবার লক্ষ্যে ১৮৬৩ সালে রেডক্রস বা রেডক্রিসেন্ট (১৮৮৩) গঠিত হয়। এর প্রতিষ্ঠাতা সুইজারল্যান্ডের হেনরি ডুনান্ট। রেডক্রসের সদর দপ্তর, সুইজারল্যান্ডের জেনেভায় অবস্থিত।

5) নাসিরাবাদের বর্তমান নাম কি?

1) চট্টগ্রাম
2) জাহাঙ্গীরনগর
✔ 3) ময়মনসিংহ
4) বরিশাল

**ব্যাখ্যা :** নাসিরাবাদের বর্তমান নাম ময়মনসিংহ । ঢাকার প্রাচীন নাম জাহাঙ্গীর নগর। বরিশালের প্রাচীন নাম চন্দ্রদ্বীপ। চট্টগ্রামের প্রাচীন নাম ইসলামাবাদ।

6) Who has broken the glass?

✔ 1) by whom has the glass been broken?
2) by whom have the glass been broken?
3) by who have the glass been broken?
4) whom has the glass been broken?

**ব্যাখ্যা :** Active sentence - এ who subject হিসেবে থাকলে Passive sentence - এ 'by whom' দিয়ে বাক্য শুরু হয় এবং পরবর্তীতে auxiliary verb + subject (active - এর object ) + মূল verb এর past participle form + extension ব্যবহৃত হয়।

7) দ্বিতীয় বিশ্বযুদ্ধ কবে শুরু হয় ?

1) ১৯৪৫ সালে
✔ 2) ১৯৩৯ সালে
3) ১৯৪২ সালে
4) ১৯৪৪ সালে

**ব্যাখ্যা :** দ্বিতীয় বিশ্বযুদ্ধ শুরু হয় ১ সেপ্টেম্বর ১৯৩৯ আর যুদ্ধ শেষ ২ সেপ্টেম্বর ১৯৪৫। এ যুদ্ধ সংঘটিত হয় অক্ষশক্তি ও মিত্রশক্তির মধ্যে। এ যুদ্ধের প্রধান কারণ ছিল জার্মানির নাৎসিবাদ ও সাম্রাজ্যবাদী মনোভাব।

8) আদিম মানুষের সবচেয়ে বড় আবিষ্কার কি?

1) ভাষা
2) কৃষি
✔ 3) আগুন
4) লোহা

Hello BCS

**ব্যাখ্যা :** আগুন মানব সভ্যতার এক অন্যতম শ্রেষ্ঠ আবিষ্কার। ধারনা করা হয় যেদিন পৃথিবীতে প্রথম আগুন আবিস্কৃত হয়েছিল সেদিন থেকেই সভ্যতার আবির্ভাব! তাই আগুন নিয়ে মানুষের কৌতুহলও অসীম ছিল। আগে তো মাটি, পানি, বায়ু এবং আগুনকে মৌলিক পদার্থরূপে বিবেচনা করা হতো।

9) সবচেয়ে মূল্যবান ধাতু কোনটি?

1) লিথিয়াম
2) লোহা
✔ 3) প্লাটিনাম
4) পটাশিয়াম

**ব্যাখ্যা :** প্লাটিনাম পর্যায় সারণীর ৭৮ নম্বর মৌল, প্রতিক Pt। এটি সোনা এর থেকেও দামি মৌল বা রাসায়নিক পদার্থ। এটি একটি অবস্থান্তর ধাতু। প্লাটিনাম পর্যায় সারণির ষষ্ঠ পর্যায়ের দশম গ্রুপে অবস্থান করছে। পৃথিবীতে এটি অনেক দুঃপ্রাপ্য ধাতু। প্রায় ইউরেনিয়াম, সিলভার, ইরিডিয়াম এর সাথে একে তুলনা করা হয়।

10) ২০টি কমলার ২০% পচা হলে ভাল কমলার সংখ্যা কত?

✔ 1) ১৬
2) ৪
3) ২০
4) ৮

**ব্যাখ্যা :** ২০টি কমলার ২০%= ২০ এর ২০/১০০ = ৪
তাই, ভাল কলার সংখ্যা = (২০-৪) = ১৬।

11) ২০১৫ সালের ১৭ তম ন্যাম সম্মেলন কোথায় অনুষ্ঠিত হয়?

1) মেলবোর্ন, অস্ট্রেলিয়া
2) কাঠমুন্ডু, নেপাল
✔ 3) কারাকাস, ভেনিজুয়েলা
4) কলম্বো, শ্রীলঙ্কা

**ব্যাখ্যা :** ১৯৬১ সালে বেলগ্রেড সম্মেলনের মাধ্যমে আনুষ্ঠানিকভাবে NAM গুঠিত হয়। ইরানের বর্তমান প্রেসিডেন্ট হাসান রুহানি বর্তমানে NAM এর চেয়ারম্যান। ১৭ তম ন্যাম সম্মেলন অনুষ্ঠিত হয় ২০১৬ সালের সেপ্টম্বরে ভেনিজুয়েলার মারগারিতায়। পরবর্তীতে ২০১৯ সালে ১৮ তম ন্যাম সম্মেলনটি অনুষ্ঠিত হবে আজারবাইজানের বাকুতে।

12) জাপানের পার্লামেন্টের নাম কী ?

✔ 1) ডায়েট
2) পার্লামেণ্ট
3) সীম

Hello BCS

4) মজলিস

**ব্যাখ্যা :** জাপানের পার্লামেন্টের নাম ডায়েট। যুক্তরাষ্ট্রের পার্লামেন্টের নাম কংগ্রেস। কংগ্রেসের উচ্চকক্ষের নাম সিনেট। ইসরাইলের পার্লামেন্টের নাম নেসেট ।

13) ৬, ৮, ১০ সংখ্যা তিনটির গড় ৭, ৯ আর কোন সংখ্যার গড়ের সমান?

1) ৬
✔ 2) ৮
3) ৯
4) ৫

**ব্যাখ্যা :** এখানে, ৬ + ৮ + ১০/৩ = ২৪/৩ = ৮ হয়
আবার, ৭ + ৯ + ৮/৩ = ২৪/৩ = ৮ হয়
অতএব, ৭ এবং ৯ এর সাথে ৮ যোগ করলেই দুইটার গড় সমান হয় তাই সংখ্যাটি ৮ হবে।

14) দুইটি সংখ্যার অনুপাত ৭ :৮। তাদের গসাগু ৯ হলে লসাগু কত?

1) ৪০৫
2) ৩৪৫
3) ৫০২
✔ 4) ৫০৪

**ব্যাখ্যা :** সংখ্যা দুটি ৭ক ও ৮ ক
∴ গ.সা.গু ক = ৯
∴ ল.সা.গু = ৫৬ *ক
= ৫৬× ৯ = ৫০৪

15) সাহিত্যসম্রাট বঙ্কিমচন্দ্র সম্পাদিত পত্রিকার নাম কি?

1) মাসিক পত্রিকা
2) সংবাদ প্রভাকর
✔ 3) বঙ্গদর্শন
4) গ্রামবার্তা

**ব্যাখ্যা :** বঙ্গদর্শন উনিশ শতাব্দীতে প্রকাশিত একটি বাংলা মাসিক সাহিত্য পত্রিকা বা সাময়িকপত্র। এর প্রতিষ্ঠাতা সম্পাদক ছিলেন বাংলা কথাসাহিত্যের অন্যতম স্থপতি সাহিত্যসম্রাট বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়।

16) Check—–beast in your.

1) an
2) no article
✔ 3) the

Hello BCS

4) a

**ব্যাখ্যা :** কিছু কিছু Noun আছে যাদের পূর্বে 'the' ব্যবহৃত হলে abstract noun - এর অর্থ প্রকাশ করে। যেমন - The mother rose in her' অর্থাৎ তার মধ্যে মাতৃত্ব (মাতৃসুলভ মায়া - মমতা) জেগে উঠল। 'check the beast in you ' অর্থাৎ 'তোমার মধ্যে কুপ্রবৃত্তিকে দমন কর' ইত্যাদি।

17) ‘Apple of one`s eye’ means—–

1) Apple like eye
✔ 2) extremely favourite
3) big eye
4) apple coloured eye

**ব্যাখ্যা :** Definition of the apple of someone's eye: a person or thing that someone loves very much.

18) বাংলা ভাষা ও সাহিত্যের প্রাচীনতম শাখা কোনটি?

1) ছোটগল্প
2) উপন্যাস
3) নাটক
✔ 4) কাব্য

**ব্যাখ্যা :** বাংলা ভাষা ও সাহিত্যের প্রাচীনতম শাখা কাব্য। বিশ্ব সাহিত্যের (বিশেষ করে গ্রিক) প্রাচীনতম শাখা নাটক। আধুনিক সাহিত্যের প্রাচীনতম জনপ্রিয় শাখা উপন্যাস, ছোটগল্প হচ্ছে সর্বশেষ সংযোজন।

19) ১৮ মিটার দীর্ঘ একটি মই ভুমির সাথে ৩০’ কোণে উন্নতি করে দেয়ালের ছাদ স্পর্শ করে ! দেয়ালটির উচ্চতা কত?

1) ১০ মিটার
2) ১১ মিটার
✔ 3) ৯ মিটার
4) ১২ মিটার

Hello BCS

**ব্যাখ্যা :** অতিভূজ = ১৮ মিটার
একটি কোন = ৩০°
এখন, লম্ব বের করতে হবে
আমরা জানি,
সমকোনী ত্রিভুজের ভূমির সাথের কোন Sin (ø) = লম্ব / অতিভূজ
তাহলে, লম্ব = Sin (ø) ÷ অতিভূজ
= Sin (৩০) ÷ ১৮ মিটার
= ০.৫ ÷ ১৮ মিটার
= ৯ মিটার।

20) a+b=17 ও ab=60 হলে, $(a-b)^2$ এর মান কত?

1) 125
2) 64
3) 36
✔ 4) 49

**ব্যাখ্যা :** $(a-b)^2$
$=(a+b)^2-4ab$
$=(17)^2- 4*60$
=289-240
=49

21) হাড় ও দাঁতকে মজবুত করে কোনটি ?

1) আয়োডিন
2) আয়রন
3) পটাশিয়াম
✔ 4) ক্যালশিয়াম

**ব্যাখ্যা :** দেহের ৯৯ শতাংশ ক্যালসিয়াম দাঁত ও হাড় গঠনে ও রক্ষণাবেক্ষণে ক্ষয় হয়। বাকি ১ শতাংশ দেহে গুরুত্বপূর্ণ প্রাণ রাসায়নিক ভূমিকা পালন করে।

22) $(5^{n+2} + 35 \times 5^{n-1}) / (4 \times 5^{n})$ =?

1) 4
2) 5
3) 7
✔ 4) 8

**ব্যাখ্যা :** $(5^{n+2} + 35 \times 5^{n-1}) / (4 \times 5^{n})$
$= (5^{n+2} + 7 \times 5 \times 5^{n-1}) / (4 \times 5^{n})$

Hello BCS

$=(5^{n+2} + 7 \times 5^{n}) / (4 \times 5^{n})$
$=5^{n}(25+7)/(4 \times 5^{n})$
$=32/4$
$=8$

23) রক্তে হিমোগ্লোবিনের কাজ কি?

1) উপরের সব
2) রোগ প্রতিরোধ করা
✔ 3) রক্তে অক্সিজেন সরবরাহ করা।
4) রক্ত জমাট বাধা

**ব্যাখ্যা :** রক্তের তিনটি কণিকার মধ্যে লোহিত কণিকায় থাকে বিশেষ ধরনের আয়রন, যাকে বলা হয় হিমোগ্লোবিন। এই হিমোগ্লোবিনের প্রধান কাজ হলো ধমনী থেকে দেহের সব স্থানে অক্সিজেন সরবরাহ করা।

24) x এর মান কত হলে , $2^{4x-12}=16$ হবে?

1) 8
✔ 2) 4
3) 6
4) 2

**ব্যাখ্যা :** We know, $2^4=16$
Then,
$2^{4x-12}=16$
or, $2^{4x-12}=2^4$
or, 4x-12=4
or , x= (16/4)=4

25) কোন ক্ষেত্রে ত্রিভুজ আঁকা সম্ভব নয়?

1) ৩, ৫, ৭ সে মি
✔ 2) ২, ৩, ৫ সে.মি
3) ৪, ৫, ৬ সে মি
4) ৫, ৬, ৮ সে মি

**ব্যাখ্যা :** আমরা জানি যে, ত্রিভুজের ক্ষুদ্রতম দুই বাহুর দৈর্ঘ্যের সমষ্টি অপর বাহু থেকে বৃহত্তর হলেই ত্রিভুজ আঁকা সম্ভব। যেহেতু, এখানে ক্ষুদ্রতম দুই বাহুর সমষ্টি অপর বাহুর সমান।

26) সম্প্রতি বাংলাদেশে অনুষ্ঠিত ক্রিকেট টেস্ট ম্যাচে কোন ক্রিকেটার ডাবল সেঞ্চুরী করেছেন?

1) ইমরুল কায়েস
✔ 2) তামিম ইকবাল

Hello BCS

3) সাকিব আল হাসান
4) মুশফিকুর রহমান

**ব্যাখ্যা :** সম্প্রতি বাংলাদেশ অনুষ্ঠিত ক্রিকেট টেস্ট ম্যাচে পাকিস্তানের বিপক্ষে তামিম ইকবাল ডাবল সেঞ্চুরি করেন।

27) ২৫ এপ্রিল ২০১৫ -এর ভয়াবহ ভূমিকম্পের মাত্রা রিখটার স্কেলে কত ছিল?

✔ 1) ৭.৮
2) ৭.৭
3) ৭.৯
4) ৭.৬

**ব্যাখ্যা :** ২৫ এপ্রিল ২০১৫ -এর ভয়াবহ ভূমিকম্পের মাত্রা রিখটার স্কেলে ৭.৮ ছিল।

28) It is high time he(change) his habits.

1) has been changing
2) Is changing
3) has changed
✔ 4) changed

**ব্যাখ্যা :** It is time অথবা it is high Time এর পর past indefinite tens ব্যবহৃত হয়।তাই এখানে changed হবে সঠিক উত্তর.

29) The adjective form of “heart”is—–

1) Heartly
✔ 2) hearty
3) heartable
4) heartily

**ব্যাখ্যা :** The adjective of the word heart is 'hearty' which means 'sincere'. Among the other options, 'heartily' is the adverb which means 'permanently' and heartly and heartable - there is no use of it.

30) নিচের কোন শব্দটি অশুদ্ধ?

✔ 1) কৌতুহল
2) কাঙ্ক্ষিত
3) কৌতূহল
4) শ্রদ্ধাঞ্জলি

Hello BCS

**ব্যাখ্যা :** কৌতুহল শব্দের শুদ্ধ রুপ কৌতূহল।

31) He acted——strong opposition.

1) by the teeth of
✔ 2) in the teeth of
3) in teeth of
4) in teeth

**ব্যাখ্যা :** 'সমস্ত প্রতিকূলতা তুচ্ছ করে' অর্থে ' in the teeth of' ব্যবহৃত হয়।

32) জলাশয় শব্দের সমার্থক শব্দ হচ্ছে

1) জলধর
2) অম্বু
3) সলিল
✔ 4) সরোবর

**ব্যাখ্যা :** জলধর - মেঘ, নিরদ
অম্বু - আকাশ, অন্তরীক্ষ
সলিল - বারি, পানি, জল
জলাশয় - সরোবর, জলকুণ্ড

33) ‘মধুমালা‘ নামটি কি জন্য বিখ্যাত ?

1) পুরস্কার প্রাপ্ত ছবি
2) উন্নত প্রজাতির ধান
3) নায়িকার নাম
✔ 4) হলদে জাতের তরমুজ হিসাবে

**ব্যাখ্যা :** 'মধুমালা' নামটি হলদে জাতের তরমুজ হিসাবে বিখ্যাত । আর ও কিছু উচ্চ ফলনশীল তরমুজের জাত হলো অশোক , সুলতানা ,মোহিনী , বিশাল ইত্যাদি।

34) পাঠক শব্দের যথার্থ প্রকৃতি ও প্রত্যয় কোনটি?

1) √পঠ+নক
2) √পাঠ+ক
3) √পঠ+ক
✔ 4) √পঠ+অক

**ব্যাখ্যা :** কর্তৃবাচ্য ধাতুর পরে 'অক' প্রত্যয় যোগ হয়ে রুট পঠ + অক = পাঠক শব্দটি গঠিত হয়েছে।

Hello BCS

35) আকাশ ‘ শব্দের সমার্থক শব্দ কোনটি?

✔ 1) অন্তরীক্ষ
2) সুধাকর
3) বিভু
4) প্রভাকর

**ব্যাখ্যা :** 'আকাশ' শব্দের সমার্থক শব্দ হলো - আসমান, অম্বর, অন্তরীক্ষ, গগন, ব্যোম, নভঃ নভোমণ্ডল ,শুণ্য , দ্যু, ছায়ালোক , অনন্ত , দ্যুলোক । বিভু, প্রভাকর ও সুধাকর হচ্ছে যথাক্রমে , ঈশ্বর, সূর্য ও চাঁদ শব্দের সমার্থক শব্দ।

36) ‘Apple of one`s eye’ means—–

1) Apple like eye
✔ 2) extremely favourite
3) big eye
4) apple coloured eye

**ব্যাখ্যা :** Definition of the apple of someone's eye: a person or thing that someone loves very much.

37) ১৫ টি ছাগলের মূল্য তিনটি গরুর মুল্যের সমান হলে ৩০টি ছাগলে কয়টি গরু পাওয়া যাবে?

✔ 1) ৬
2) ৮
3) ৭
4) ৫

**ব্যাখ্যা :** ১৫ টি ছাগল সমান ৩ টি গরু
∴ ৩০ টি " " (৩×৩০)/১৫ টি
= ৬ টি গরু

38) While he—–in the garden,a snake bit him.

✔ 1) was walking
2) is walking
3) walks
4) Walked

**ব্যাখ্যা :** While + sub যুক্ত অংশ বাক্য থাকলে এবং অপর অংশটি past indefinite tense হলে while + sub + was/were + verb + ing হয়। সুতরাং শূন্যস্থানে was walking হবে।

Hello BCS

39) $-15+x+2x^2$ এর উৎপাদক কত ?

1) (x+3)(2x+5)
✔ 2) (x+3)(2x-5)
3) (x-3)(2x+5)
4) (x-3)(2x-5)

**ব্যাখ্যা :** $-15+x+2x^2$
$2x^2+x-15$
$2x^2+6x-5x-15$
$2x(x+3)-5(x+3)$
$(x+3)(2x-5)$

40) It——since morning.

1) has rained
✔ 2) has been raining
3) will be raining
4) Rains

**ব্যাখ্যা :** প্রশ্নোক্ত বাক্যে 'since morning' উল্লেখ থাকায় এটি Perfect continuous tense হবে। সুতরাং has been raining ই সঠিক ।

41) সর্বজনের হিতকর- এক কথায় কী হবে

1) বিশ্বজনীন
✔ 2) সর্বজনীন
3) সার্বজনীন
4) সর্বহিতকর

**ব্যাখ্যা :** সর্বজনীন শব্দের অর্থ হচ্ছে সকলের মঙ্গলজনক বা কল্যাণকর। আবার সর্বসাধারণের জন্য অনুষ্ঠিত ; বারোয়ারি। সার্বজনীন অর্থ - সকলের মধ্যে প্রবীণ ; সর্বশ্রেষ্ঠ। বিশ্বজনীন অর্থ জগদ্ব্যাপী , বিশ্বের মঙ্গলজনক , সর্বজনহিতকর। সকল মানুষ সম্পর্কীয় সর্বহিতকর।

42) ০.২ এর ২০% কত?

1) .004
2) .4
✔ 3) .04
4) 4

**ব্যাখ্যা :** ০.২ এর ২০% = ০.২ এর ২০/১০০
=০.২ এর ০.২ = .০৪

Hello BCS

43) ২০১৫ সালের ঢাকা ও চট্টগ্রাম ‘সিটি নির্বাচন কত তারিখে অনুষ্ঠিত হয় ?

1) ২৭ এপ্রিল
2) ২৬ এপ্রিল
✔ 3) ২৮ এপ্রিল
4) ৩০ এপ্রিল

**ব্যাখ্যা :** ২৮ এপ্রিল ২০১৫ ঢাকা উত্তর ও দক্ষিণ এবং চট্টগ্রাম সিটি কর্পোরেশন নির্বাচন অনুষ্ঠিত হয়। নির্বাচনে তিন সিটিতেই মেয়র পদে নির্বাচিত হন আওয়ামী লীগ সমর্থিত প্রার্থী আনিসুল হক (ঢাকা উত্তর ) । সাঈদ খোকন (ঢাকা দক্ষিণ ) এবং আজম নাছির (চট্টগ্রাম) ।

44) ‘গিন্নি’ কোন শব্দ?

1) বিদেশী
✔ 2) অর্ধ তৎসম
3) তদ্ভব
4) তৎসম

**ব্যাখ্যা :** বাংলা ভাষায় যেসব সংস্কৃত শব্দ কিঞ্চিৎ পরিবর্তিত আকারে ব্যবহৃত হয়, সেগুলোকে বলে অর্ধ - তৎসম শব্দ। তৎসম মানে সংস্কৃত আর অর্থ - তৎসম মানে আধা সংস্কৃত । যেমন - জ্যোৎস্না>জ্যোছনা, শ্রাদ্ধ>ছেরাদ্দ, গৃহিণী>গিন্নী, বৈষ্ণব> বোষ্টম ,কুৎসিত > কুচ্ছিত। যেসব শব্দের মূল সংস্কৃত ভাষায় পাওয়া যায়, কিন্তু ভাষার স্বাভাবিক বিবর্তন ধারায় প্রাকৃতের মাধ্যমে পরিবর্তিত হয়ে আধুনিক বাংলা ভাষায় স্থান করে নিয়েছে , সেসব শব্দকে বলা হয় তদ্ভব শব্দ। যেমন : হস্ত> হত্থ> হাত। যেসব শব্দ সংস্কৃত ভাষা থেকে অপরিবর্তিত অবস্থায় বাংলায় এসেছে, সেসব শব্দকে তৎসম শব্দ বলে। যেমন : চন্দ্র সূর্য, নক্ষত্র ,ভবন ইত্যাদি।

45) বিশ্বের সবচেয়ে বেশি কফি উৎপাদনকারী দেশ কোনটি ?

✔ 1) ব্রাজিল
2) চীন
3) ডেনমার্ক
4) ইন্দোনেশিয়া

**ব্যাখ্যা :** বিশ্বে চা উৎপাদনে শীর্ষ দেশ চীন। কফি উৎপাদনে শীর্ষ দেশ ব্রাজিল। পামওয়েল উৎপাদনে শীর্ষ দেশ ইন্দোনেশিয়া ।

46) $^{m}\sqrt{_{a}}^{\,n}$ এর মান কত?

1) $a^{mn}$
2) $a^{-n/m}$
3) $a^{m/n}$
✔ 4) $a^{n/m}$

Hello BCS

**ব্যাখ্যা :** √ a = $a^{1/2}$
$^{m}\sqrt{a^{n}} = a^{n/m}$

47) "Justification for" এর মানে কি?

1) সমর্থন
2) তর্ক
3) মন্তব্য
✔ 4) বিচার

**ব্যাখ্যা :** ' Justification for' এর অর্থ : সমর্থন। অপরদিকে Judgement , Comment ও Debate - দ্বারা যথাক্রমে : বিচার, মন্তব্য ও তর্ক বোঝায় ।

48) বাগযন্ত্রের অংশ নয়

✔ 1) কান
2) দাঁত
3) নাক
4) তালু

**ব্যাখ্যা :** গলনালি, মুখবিবর, কণ্ঠ, জিহ্বা, তালু, দাঁত, নাক ইত্যাদি বাক প্রত্যঙ্গকে এককথায় বলে বাগ্যন্ত্র।

49) গাড়ী ‘স্টেশন‘ ছাড়িল্ এখানে ‘স্টেশন’ কোন কারকের কোন বিভক্তি?

1) কর্ম কারকে শুন্য বিভক্তি
2) করণ কারকে শুন্য বিভক্তি
3) অধিকরণ কারকে শূন্য বিভক্তি
✔ 4) অপাদান কারকে শুণ্য

**ব্যাখ্যা :** যা থেকে কিছু বিচ্যুত , গৃহীত, জাত, বিরত, আরম্ভ, দূরীভূত ও রক্ষিত হয় এবং যা দেখে কেউ ভীত হয়, তাকেই অপাদান কারক বলে। যেমন : পাপে বিরত হও। অপাদান কারকে বিভিন্ন বিভক্তি ছাড়াও হতে , থেকে, দিয়া, দিয়ে ইত্যাদি অনুসর্গ ব্যবহৃত হয়। যথা : তিনি কুষ্টিয়া থেকে এসেছেন।

50) ১২৫° ডিগ্রীর সম্পূরক কোণ কত?

1) ১৪৫°
✔ 2) ৫৫°
3) ৩৫°
4) ২৩৫°

**ব্যাখ্যা :** দুটি কোণের সমষ্টি ১৮০ ডিগ্রী হলে একটিকে অপরটিকে সম্পূরক কোণ বলা হয়।
∴ ১২৫ ডিগ্রী এর সম্পূরক কোণ= ১৮০-১২৫ = ৫৫ ডিগ্রী

Hello BCS

51) কোন বানানটি শুদ্ধ?

1) শীরচ্ছেদ
2) শিরশ্চেদ
✔ 3) শিরশ্ছেদ
4) শিরোচ্ছেদ

**ব্যাখ্যা :** সঠিক শব্দ শিরশ্ছেদ, যার অর্থ কর্তন করা, কতল করা, গর্দান নেওয়া।

52) What is the plural number of” spectrum"?

1) specs
2) Spectrums
3) species
✔ 4) spectra

**ব্যাখ্যা :** The plural number of” spectrum" is spectra (বর্ণালী )

53) $\log_2 64 + \log_2 8$ =?

1) 7
2) 72
✔ 3) 9
4) 28

**ব্যাখ্যা :** $loga^{a^{x}}$
=x Now, $log2^{2^{6}}$=6
$log2^{2^{3}}$=3
so, 6+3=9

54) Identify the correct spelling.

1) acquintence
✔ 2) acquaintance
3) acquaintence
4) acquaintanc

**ব্যাখ্যা :** acquaintance= পরিচিতি. And the other words are misspelt.

55) একাদশে বৃহস্পতি কী?

1) সমস্ত পদ
2) প্রবাদ

Hello BCS

✔ 3) বাগধারা
4) ব্যাসবাক্য

**ব্যাখ্যা :** 'একাদশে বৃহস্পতি ' একটি বাগধারা যার মানে সৌভাগ্যের বিষয়। বিষয়টি হিন্দু ধর্মীয় শুভক্ষণ বিষয়ক প্রবাদ মাত্র।

56) x - 1/x = 7 হলে $x^3 - 1/x^3$ এর মান কত?

✔ 1) 364
2) 322
3) 334
4) 354

**ব্যাখ্যা :** $x^3 - 1/x^3$ ,
$=(x-1/x)^3+3.x. 1/x(x-1/x)$
$= (7)^3+3*7$
=343+21
= 364

57) ণত্ব বিধান বাংলা বানানে কোন শব্দের ক্ষেত্রে প্রযোজ্য

1) দেশী
2) তদ্ভব
✔ 3) সংস্কৃত
4) বিদেশী

**ব্যাখ্যা :** তৎসম শব্দের বানানে মূধন্য ণ এর সঠিক ব্যবহারের নিয়মই ণত্ব বিধান। বাংলা ভাষায় সাধারণত মূর্ধন্য - ণ ধ্বনির ব্যবহার নেই। সে জন্য বাংলা (দেশি) , তদ্ভব ও বিদেশি শব্দের বানানে মূর্ধন্য - ণ বর্ণ লেখার প্রয়োজন হয় না। কিন্তু বাংলা ভাষায় বহু তৎসম বা সংস্কৃত শব্দে মূর্ধন্য - ণ এবং দন্ত্য - ন এর ব্যবহার আছে। তা বাংলায় অবিকৃতভাবে রক্ষিত হয়।

58) ‘হাতির ঝিল ‘ এর নকশার পরিকল্পনা করেন কে?

1) শিল্পী হামিদুজ্জামান খান
✔ 2) স্থপতি এহসান খান
3) শামীম শিকদার
4) নিতুন কুণ্ডু

**ব্যাখ্যা :** শিল্পী হামিদুজ্জামান খান 'সংশপ্তক'র ভাস্কর । 'সাবাস বাংলাদেশে'র ভাস্কর নিতুন কুণ্ডু। 'হাতির ঝিল' - এর নকশার পরিকল্পনা করেন স্থপতি এহসান খান। 'স্বোপার্জিত স্বাধীনতা'র স্থপতি শামীম শিকদার।

Hello BCS

59) ‘অনুমোদিত’ শব্দটির বিপরীতার্থক শব্দ কোনটি?

1) অননুমেয়
2) অনাবশ্যক
✔ 3) অননুমোদিত
4) মতানৈক্য

**ব্যাখ্যা :** : 'অনুমোদিত' বিশেষণ শব্দটির অর্থ : সম্মতিপ্রাপ্ত, যার বিপরীত শব্দ - অননুমোদিত। 'অনুমেয় ' শব্দের বিপরীত অননুমেয়, 'আবশ্যক' শব্দের বিপরীত 'অনাবশ্যক' এবং 'ঐকমত্য' শব্দের বিপরীত শব্দ ' মতানৈক্য'।

60) অনুপাতের একক কত?

1) সে মিঃ
2) ফুট
3) মিটার
✔ 4) একক নেই

**ব্যাখ্যা :** অনুপাতের কোন একক নেই।

61) —–honesty of Rahim is enviable.

1) an
2) a
✔ 3) the
4) no article

**ব্যাখ্যা :** 'of' - দ্বারা দুটি Noun - এর সম্পর্ক বোঝালে উভয় Noun - এর ( Proper Noun ছাড়া) পূর্বে সাধারণত 'the' ব্যবহৃত হয়।

62) নতুন শব্দ গঠন করে

✔ 1) সন্ধি ও সমাস
2) সমাস ও পদ
3) প্রত্যয় ও প্রকৃতি
4) সন্ধি ও কারক

**ব্যাখ্যা :** সন্ধি ও সমাস নতুন শব্দ গঠন করে। যেমন :
সন্ধি : হিম ও আলয় দুইটা আলাদা শব্দ। যদি সন্ধির মাধ্যমে দুইটিকে একত্রিত করা যায়, তাহলে নতুন শব্দ হয় এবং উচ্চারণে সুবিধা হয়। যেমন :
হিম + আলয় = হিমালয়
সমাস : সমাস এর মাধ্যমে একাধিক শব্দ একসাথে যুক্ত হয়ে নতুন শব্দ গঠিত হয়। যেমন :
দোয়াত ও কলম = দোয়াত - কলম

Hello BCS

63) Cotθ√(1-$\cos^2$θ)=?

1) Sinθ
2) tanθ
✔ 3) cosθ
4) cotθ

**ব্যাখ্যা :** Cotθ√(1-$\cos^2$θ)= Cotθ√$\sin^2$θ
= (cosθ/sinθ). sinθ
=cosθ

64) If I had a typewriter,——

1) I will type myself
2) I might have typed myself
✔ 3) I would type myself
4) i would have typed myself

**ব্যাখ্যা :** প্রশ্নোক্ত if clause টি সাধারণ Past tense হওয়ায় Principal clause টি হবে subject + would /could might + verb - এর present form + extension সুতরাং (গ) option টি সঠিক ।

65) বাক্যে দাঁড়ি থাকলে কতক্ষণ থামতে হয়?

✔ 1) ১ সেকেন্ড বিরতির প্রয়োজন
2) ২ সেকেন্ড
3) ১ বলতে যে সময় লাগে
4) ১ বলার দ্বিগুণ সময়

**ব্যাখ্যা :** বাক্যের পরিসমাপ্তি বোঝাতে দাঁড়ি বা পূর্ণচ্ছেদ ব্যবহার করতে হয়। যথা - চুয়াডাঙ্গায় বাংলাদেশের প্রথম ডাকঘর স্থাপতি হয়। দাঁড়ি বা পূর্ণচ্ছেদের বিরতিকাল এক সেকেন্ড। জিজ্ঞাসা চিহ্ন (?) , বিস্ময় চিহ্ন (!) কোলন ( :) কোলন ড্যাস ( : - ) ও ড্যাস ( - ) থাকলে এক সেকেন্ড থামতে হয়।

66) ____ mother rose in her.

1) a
2) no article
✔ 3) the
4) an

**ব্যাখ্যা :** কিছু কিছু Noun আছে যাদের পূর্বে ' the ' ব্যবহৃত হলে abstract noun - এর অর্থ প্রকাশ করে। যেমন - 'The mother rose in her' অর্থাৎ তার মধ্যে মাতৃত্ব (মাতৃসুলভ মায়া - মমতা) জেগে উঠল'। ' Control the beast in you ' ইত্যাদি।

Hello BCS

67) একটি সমদ্বিবাহু সমকোণী ত্রিভুজের অতিভুজের দৈর্ঘ্য ১২সেমি হলে ত্রিভুজের ক্ষেত্রফল কত বর্গ সেমি ?

✔ 1) ৩৬
2) ৫৬
3) ৪৮
4) ৭২

**ব্যাখ্যা :** ধরি, সমদ্বিবাহুর দৈর্ঘ্য = x
তাহলে পিথাগোরাসের সূত্র অনুযায়ী ,
২ $x^2$ = ১২ $^2$
বা, $x^2$=৭২ (উচ্চতা = x, ভূমি = x)
∴ ক্ষেত্রফল =১/২× bh
=১/২ × ৭২
=৩৬

68) “Null and Void”means—–

1) lawfull
2) in correct
✔ 3) Invalid
4) valid

**ব্যাখ্যা :** Definition of null and void: having no force, binding power, or validity. (i.e. Invalid).

69) The correct sentence is—-

✔ 1) two thirds of it is fine
2) two third is fine
3) two third of it is fine
4) two thirds of it are fine

**ব্যাখ্যা :** ভগ্নাংশমূলক Sentence - এর নিয়ম হচ্ছে - i. One third/two thirds + of + singular / uncountable noun + singular verb + extension ii. One third /two thirds + of + plural noun + plural verb + extension .

70) 'Big apple ‘ বলা হয় কোন শহরকে?

1) রোম
2) গ্রেট ব্রিটেন
✔ 3) নিউইয়র্ক
4) বেলজিয়াম

Hello BCS

**ব্যাখ্যা :** শান্তির শহর বলা হয় ইতালির রোমকে। 'Big Apple' বলা হয় যুক্তরাষ্ট্রের শহর নিউইয়র্ককে।

71) নিচের কোনটি বৃহত্তম ?

- ✔ 1) √0.3
- 2) 0.3
- 3) 1/3
- 4) 2/5

**ব্যাখ্যা :** √0.3=0.5477225575
0.3=0.30000000
1/3=0.33333333333
2/5=0.4
তাই √0.3 বৃহত্তর।

72) কোন সংখ্যার ৪০% এর সাথে ৪২ যোগ করলে যোগফল ঐ সংখ্যাটি !সংখ্যাটি কত?

- 1) ৭৫
- 2) ৯০
- 3) ৪০
- ✔ 4) ৭০

**ব্যাখ্যা :** মনে করি, সংখ্যাটি ক্
প্রশ্ন মতে, ক এর ৪০/১০০ + ৪২ = ক
বা,২ক/৫ + ৪২ = ক
বা,২ক= (ক-৪২)*৫
বা, ২ক-৫ক= -২১০
বা, -৩ক= - ২১০
বা,ক = ৭০

73) The passive from of the sentence ‘Enter the house by this gate” is—

- 1) let be enter by this gate
- 2) let the house be entered by this gate
- ✔ 3) you are requested to enter the house by gate
- 4) you should enter the house by this gate

**ব্যাখ্যা :** Imperative Sentence - টি Request বোঝাচ্ছে বলে (iii) option টি সঠিক । সাধারণত guest - দেরকে বিনয়ের সাথে request করা হয়।

74) কোন শব্দ ‘সিক্ত‘র বিপরীত?

- 1) তরল

Hello BCS

✔ 2) শুষ্ক
3) আদ্র
4) ভেজা

**ব্যাখ্যা :** প্রত্যেকটি শব্দের নিজস্ব অর্থ আছে। একটি শব্দ যখন অন্য একটি শব্দের বিপরীত অবস্থানে থাকে বা বিপরীত অর্থ প্রকাশ করে, তখন তাকে বিপরীত শব্দ বলে। যেমন - অর্জন - বর্জন, সিক্ত - শুষ্ক , তীব্র - লঘু ইত্যাদি।

75) নিম্নের কোন দেশটি OPEC এর সদস্য নয় ?

✔ 1) ফ্রান্স
2) ইরান
3) লিবিয়া
4) আলজেরিয়া

**ব্যাখ্যা :** ১৯৬০ সালের ১৪ সেপ্টেম্বর ৫ টি সদস্য দেশ নিয়ে ওপেক গঠিত হয়। ওপেকের বর্তমান সদস্য ১৩। অপশনে প্রদত্ত আলেজেরিয়া , ইরান ও লিবিয়া OPEC (ওপেক) এর সদস্য।

76) Choose the correct sentence:

1) He lived here for five years
2) He lives here for five years
✔ 3) He has been living here for five months
4) He is living here for five months

**ব্যাখ্যা :** Present Perfect Continuous Tense – এর Structure বা গঠন প্রনালী : Subject + have been/ has been + ing যুক্ত মূল verb + Extension Subject + Have not been / Has not been + ing যুক্ত মূল verb + Extension ## Period of time বা সময়ের ব্যাপ্তি বুঝাতে Present perfect continuous tense এর ক্ষেত্রে for ব্যবহৃত হয়।

77) He suffered from the——that he Was another Napoleon.

1) allusion
2) Imagination
✔ 3) illusion
4) defussion

**ব্যাখ্যা :** Imagination - অর্থ : কল্পনা , চিন্তা ; illusion - ঘোর ,মোহ, মতিভ্রম ; delusion - চিন্তা ,ভয়, বিপদ হ্রাস এবং allusion - পরোক্ষভাবে কারও উল্লেখ বা ইঙ্গিত । নিজেকে আকেজন Napoleon মনে করাটা এক প্রকার মতিভ্রম বা illusion ।

Hello BCS

78) tan 90° =?

1) -1
✔ 2) ∞
3) 1
4) -∞

**ব্যাখ্যা :** tan 90° =∞
tan 45°=1

79) বাংলা ব্যাকরণের ধ্বনিতত্ত্ব অংশে কোন বিষয়টি আলোচনা করা হয় -

✔ 1) সন্ধি
2) বাচ্য
3) সমাস
4) কারক

**ব্যাখ্যা :** বাংলা ব্যাকরণের ধ্বনিতত্ত্ব অংশে আলোচিত হয় - ধ্বনির পরিবর্তন ,সন্ধি ণ - ত্ব ও ষ - ত্ব বিধান। ধ্বনি , এর উচ্চারণরীতি, উচ্চারণের স্থান ইত্যাদি। সমাস, কারক ও প্রত্যয় আলোচিত হয় ব্যাকরণের শব্দতত্ত্ব বা রূপতত্ত্ব অংশে।

80) বুৎপত্তিগতভাবে ব্যাকরণ শব্দের অর্থ হলো

✔ 1) বিশেষভাবে বিশ্লেষণ
2) বিশেষভাবে সংশোধন
3) বিশেষ ভাবে
4) বিশেষভাবে পরিমার্জন

**ব্যাখ্যা :** ব্যাকরণ শব্দটির বুৎপত্তিগত অর্থ হলো "বিশ্লেষণ" (বি + আ + ক্রি + অন) বিশেষ এবং সম্যকরূপে বিশ্লেষণ।

81) The antonym of “belligerent” is—-

1) Bellicose
2) pugnacious
✔ 3) peaceful
4) silent

**ব্যাখ্যা :** belligerent -Aggressively hostile, eager to fight. Antonyms: accessible, affable, affectionate, amicable, brotherly, companionable, complaisant, cordial, favorable, fond, friendly, genial, hearty, kind, kindly, loving, neighborly, sociable, social, tender, well-disposed.

Hello BCS

82) You had better—–him at once.

1) ringing
2) To ring
3) rung
✔ 4) ring

**ব্যাখ্যা :** Had better একটি modal auxiliary যার পর verb এর present form ব্যবহৃত হয়।

83) 7√3 কি ধরনের সংখ্যা?

✔ 1) অমূলদ সংখ্যা
2) বাস্তব সংখ্যা
3) জটিল সংখ্যা
4) মূলদ সংখ্যা

**ব্যাখ্যা :** যেহেতু √3 একটি অমূলদ সংখ্যা সেহেতু 7√3 একটি অমূলদ সংখ্যা ।

84) অনুরাগ শব্দটির বিপরীত শব্দ কোনটি?

1) ত্যাগ
2) সজাগ
3) রাগ
✔ 4) বিরাগ

**ব্যাখ্যা :** অনুরাগ - বিরাগ। অভিমান - নিরভিমান। বিবাদ - সুবাদ

85) $(3x)^{0}$ =?

1) 3
2) 2
3) -3
✔ 4) 1

**ব্যাখ্যা :** $(3x)^{0}=1$ Cuz, $(\text{ anything})^{0}=1$

86) মানবশিশুর দুধ দাঁতের সংখ্যা কতটি ?

1) ২১
✔ 2) ২০
3) ২৬
4) ২৪

Hello BCS

**ব্যাখ্যা :** মোট বিশটি দুধ দাঁত ওঠে।মাড়িকে যদি আমরা চারভাগে ভাগ করি তবে প্রত্যেক ভাগে পাঁচটি করে দাঁত ওঠে। –
উপরে ডানে ৫ টি
উপরে বামে ৫ টি
নীচে ডানে ৫ টি
নীচে বামে ৫ টি

87) CNN এর পূর্ণরুপ কী?

1) Control News Network
2) Country News Network
✔ 3) Cable News Network
4) Current News Network

**ব্যাখ্যা :** মার্কিন যুক্তরাষ্ট্রের একটি বেসরকারি সংবাদ সংস্থার নাম CNN, যার পূর্ণরুপ Cable News Network ।১৯৮০ সালের ১ জুন যুক্তরাষ্ট্রের জর্জিয়ার আটলান্টায় এর যাত্রা শুরু হয়। বর্তমানে সদর দপ্তর ওয়াশিংটন ডিসিতে।

88) কম্পিউটারের মূল মেমোরী তৈরি হয় কি দিয়ে?

1) আয়রন
✔ 2) সিলিকন
3) আলুমিনিয়াম
4) কার্বন

**ব্যাখ্যা :** সিলিকন অন্যান্য উপাদানের তুলনায় সাশ্রয়ী, সহজলভ্য এবং অন্য উপাদানের সাথে সহজে ব্যবহার করা যায় বলে কম্পিউটারের চিপ, টানজিস্টর , সিলিকন ডায়েড, মেমোরি এবং অন্যান্য ইলেকট্রনিক্স সার্কিট তৈরিতে বহুলরুপে ব্যবহৃত হয়।

89) ‘আমার বন্ধু রাশেদ‘ বইটির লেখক

1) সোহেল আরমান
2) তানভীর মোকাম্মেল
3) মোরশেদুল ইসলাম
✔ 4) মুহম্মদ জাফর ইকবাল

**ব্যাখ্যা :** 'আমার বন্ধু রাশেদ' একটি মুক্তিযুদ্ধভিত্তিক শিশুতোষ উপন্যাস। এর রচয়িতা মুহম্মদ জাফর ইকবাল। আর এ উপন্যাসের অবলম্বনে নির্মিত হয় একই নামের একটি চলচ্চিত্র, যার পরিচালনা করেন মোরশেদুল ইসলাম।

Hello BCS

90) বাংলাদেশের কোন বিভাগের সাথে ভারতের কোন সীমান্ত সংযোগ নাই?

1) খুলনা
2) রাজশাহী
3) চট্টগ্রাম
✔ 4) বরিশাল

**ব্যাখ্যা :** ১৪ সেপ্টেম্বর ২০১৫ দেশের অষ্টম বিভাগ হিসেবে ময়মনসিংহ (ময়মনসিংহ , জামালপুর , নেত্রকোনা ও শেরপুর জেলা নিয়ে) গঠিত হওয়ায় বর্তমানে ঢাকা ও বরিশাল বিভাগের সাথে ভারতের কোনো সীমান্ত সংযোগ নাই।

91) He acted——strong opposition.

1) by the teeth of
✔ 2) in the teeth of
3) in teeth of
4) in teeth

**ব্যাখ্যা :** 'সমস্ত প্রতিকূলতা তুচ্ছ করে' অর্থে ' in the teeth of' ব্যবহৃত হয়।

92) The children were entrusted—–the care of their uncle.

1) for
2) With
3) at
✔ 4) to

**ব্যাখ্যা :** entrusted with - কোনো ব্যক্তিকে কোনো কিছুর দায়িত্ব প্রদান। entrusted to - কাউকে অন্য কারো দায়িত্ব অর্পণ। entrusted for - এ ধরনের phrase দেখা যায় না। entrusted at - এ ধরনের phrase ও দেখা যায় না। বাক্যে শিশুদেরকে চাচার দায়িত্বে অর্পণ করার ইঙ্গিত রয়েছে। entrusted to is correct.

93) বর্ণালী ও শুভ্র কি?

✔ 1) উন্নত জাতের ভূট্টা
2) উন্নত জতের আলু
3) উন্নত জাতের গম
4) উন্নত জতের ধান

**ব্যাখ্যা :** বর্ণালী ও শুভ্র উন্নত জাতের ভুট্টা। বলাকা ও দোয়েল উন্নত জাতের গম। ইরাটম ও বাংলামতী উন্নত জাতের ধান। কেনাফজাত ও এইচ - সি '৯৫ উন্নত জাতের পাট।

Hello BCS

94) The noun form of”endure” is—-

1) endurable
2) endurence
3) endurement
✔ 4) Endurance

**ব্যাখ্যা :** Endure শব্দের Noun হচ্ছে 'endurance ' যার অর্থ 'সহনশীলতা'।

95) “কাঁদ + না” - এটি কোন সন্ধি ?

1) বিসর্গ সন্ধি
✔ 2) ব্যঞ্জন সন্ধি
3) স্বরসন্ধি
4) খাঁটি বাংলা সন্ধি

**ব্যাখ্যা :** কাঁদ + না = কান্না শব্দটি ব্যঞ্জনসন্ধি সাধিত। স্বরে আর ব্যঞ্জনে, ব্যঞ্জনে আর ব্যঞ্জনে এবং ব্যঞ্জনে আর স্বরে মিলিত হয়ে যে সন্ধি হয় তাকে ব্যঞ্জন সন্ধি বলে। বাংলা ব্যঞ্জন সন্ধি সমীভবনএর নিয়মেই হয়ে থাকে। আর তাও মূলত কথ্য রীতিতে সীমাবদ্ধ । যেমন— সুপ + অন্ত = সুবন্ত, পরি +ছদ = পরিচ্ছদ, সৎ +চিন্তা = সচ্চিন্তা।
[তথ্যসূত্র : প্রমিত বাংলা ব্যকরণ ও নির্মিতি, ১ম খণ্ড]

96) The judge acqitted him——the charge.

1) on
✔ 2) of
3) in
4) From

**ব্যাখ্যা :** কাউকে কোনো দোষ বা অভিযোগ হতে অব্যাহতি দেওয়া অর্থে ' acquit +sub+ of + বাকিটা ব্যবহৃত হয়।

97) একটি আয়তাকার ক্ষেত্রতা দৈর্ঘ্য বিস্তারের ৩ গুণ! দের্ঘ্য ৪৮ মিটার হলে পরিসীমা কত?

1) ২২৮ মিটার
✔ 2) ১২৮ মিটার
3) ৬৪ মিটার
4) ৯৬ মিটার

**ব্যাখ্যা :** দেওয়া আছে,
আয়তাকার ক্ষেত্রের দৈর্ঘ্য বিস্তারের ৩ গুণ
ধরি,বিস্তার ক মিটার
প্রশ্নমতে,
৩ক = ৪৮

Hello BCS

বা, ক = ৪৮/৩
বা, ক= ১৬
ক্ষেত্রটির পরিসীমা = ২(৪৮ + ১৬) মিটার
= ২x৬৪ মিটার
= ১২৮ মিটার

98) "বীণাপাণি‘ কোন সমাস?

✔ 1) বহুব্রীহি সমাস
2) দ্বন্দ্ব সমাস
3) তৎপুরুষ সমাস
4) কর্মধারয় সমাস

**ব্যাখ্যা :** যে বহুব্রীহি সমাসে সমস্যমান পদের দুটিই বিশেষ্যপদ হয়, তাকে বলে ব্যাধিকরণ বহুব্রীহি সমাস। যেমন - বীণা পানিতে যার = বীণাপাণি । আশীতে (দাঁতে) বিষ যার = আশীবিষ। দু কান কাটা যার = দুকানকাটা।

99) ‘কুতুব মিনার‘ কোথায় অবস্থিত?

1) বার্মা
✔ 2) ভারত
3) ইন্দোনেশিয়া
4) চীন

**ব্যাখ্যা :** কুতুব মিনার ও স্থাপনাসমূহ দিল্লীর দক্ষিণাঞ্চলে অবস্থিত। লাল বেলেপাথরে নির্মিত এই মিনারটির উচ্চতা ৭২.৫ মিটার (২৩৮ ফুট)।

100) গাছে উঠতে পটু যে – এক কথায় কী হবে?

1) গাছি
✔ 2) গেছো
3) আরোহী
4) মেছো

**ব্যাখ্যা :** গাছে উঠতে পটু যে - গেছো। আরোহণ করে যে - আরোহী।

---

ঘরে বসেই পড়ুন আর পরীক্ষা দিন হ্যালো বিসিএস এপে। ওয়েবসাইটে এক্সাম দিতে ভিজিট করুনঃ live.hellobcs.com